

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
তথ্য অধিদফতর  
বিতরণ শাখা

...

সভাপতি	মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৬.০৪.২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ টা।
স্থান	প্রধান তথ্য অফিসারের অফিস কক্ষ।
উপস্থিতি	(২) জনাব খালেদা বেগম, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন ও অর্থ) (২) জনাব মো. আবদুল জলিল, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজেঁ) (৩) জনাব মুন্সী জালাল উদ্দিন, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি) (৪) জনাব রিফাত জাফরীন, উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং এন্ড নিউজব্রিফ-১)।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অতঃপর উপপ্রধান তথ্য অফিসার ও সদস্য জনাব রিফাত জাফরীন সভাপতির অনুমতিক্রমে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) স্ব-মূল্যায়িত বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রম দফাওয়ারি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্ব-মূল্যায়িত ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন	তথ্য অধিদফতরের ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) পরিকল্পনার আলোকে গৃহীত কার্যক্রমের অগ্রগতি বাস্তবায়ন স্ব-মূল্যায়িত প্রতিবেদন নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদিত হয়। এটি প্রশাসনিক মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২৩) গৃহীত কার্যক্রম	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২৩) গৃহীত কার্যক্রমের সূচকসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন/সমন্বয় ও বিতরণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৩	দুর্নীতি বিরোধী/দুর্নীতি প্রতিরোধ বিষয়ে নৈতিকতা কমিটি সিদ্ধান্ত গ্রহণ	দুর্নীতি বিরোধী/দুর্নীতি প্রতিরোধে সহায়ক হিসেবে ৩/৪ মিনিট ব্যাপ্তি ভিডিও কনটেন্ট তৈরিপূর্বক তথ্য অধিদফতরের সামাজিক যোগাযোগ মাধ্যম PID BD এবং PID Youtube চ্যানেলে ব্যাপক প্রচার/শেয়ার করার বিষয়ে নৈতিকতা কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং-২) ও উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন)
০৪	শুদ্ধাচার পুরস্কার প্রদানে কমিটি গঠন	মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে প্রধান তথ্য অফিসারকে আহ্বায়ক করে অন্য উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় গৃহীত ৩য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কার্যকর অবদান রাখায় কমিটির সদস্যদের প্রশংসা করেন। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় তিনি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহেনুর মিয়া  
প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ১৫.৫২.০০০০.০১৪.১৮.০০১.১৭.৩৭

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯

১১ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ২) সিনিয়র উপ প্রধান তথ্য অফিসার (প্রশাসন), প্রশাসন ও হিসাব বিভাগ, তথ্য অধিদফতর
- ৩) সিনিয়র উপ প্রধান তথ্য অফিসার (প্রোটোকল), প্রটোকল ও লিয়াজেঁ বিভাগ, তথ্য অধিদফতর
- ৪) সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার(প্রেস), প্রেস ও মন্ত্রণালয়সমূহের প্রচার বিভাগ, তথ্য অধিদফতর
- ৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ৬) উপ প্রধান তথ্য অফিসার, পর্যালোচনা ও গবেষণা শাখা, তথ্য অধিদফতর
- ৭) উপপ্রধান তথ্য অফিসার, মৌলিক তথ্য ও ব্যক্তিত্ব শাখা, তথ্য অধিদফতর
- ৮) উপপ্রধান তথ্য অফিসার, মৌলিক তথ্য ও ব্যক্তিত্ব শাখা, তথ্য অধিদফতর
- ৯) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ১০) উপ-প্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
- ১১) উপপ্রধান তথ্য অফিসার, প্রশাসন শাখা, তথ্য অধিদফতর
- ১২) সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন), প্রশাসন শাখা, তথ্য অধিদফতর
- ১৩) সহকারী তথ্য অফিসার, উপ-প্রধান তথ্য অফিসার এর কার্যালয়, আঞ্চলিক তথ্য অফিস, খুলনা
- ১৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, তথ্য অধিদফতর
- ১৫) স্টেনোগ্রাফার, প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর

গাজী শরীফা ইয়াছমিন  
তথ্য অফিসার